

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ১৭. যীশু মানুষদের মুক্তি না ধ্বংস চেয়েছেন?

যীশুর অনেক কথা প্রেরিতগণ বুঝতে পারতেন না। এজন্য নির্জনে তাঁকে জিজ্ঞাসা করতেন। এ প্রসঙ্গে যীশু বলেন: "আল্লাহর রাজ্যের নিগৃঢ় তত্ত্ব তোমাদেরকে দেওয়া হয়েছে; কিন্তু ঐ বাইরের লোকদের কাছে সকলই দৃষ্টান্ত দারা বলা হয়ে থাকে; যেন তারা দেখেও দেখতে না পায় এবং শুনেও বুঝতে না পারে, পাছে তারা ফিরে আসে ও তাদেরকে মাফ করা যায়। (তারা যেন কখনোই ফিরে আসার ও ক্ষমা পাওয়ার সুযোগ না পায় সে উদ্দেশ্যে এভাবে দৃষ্টান্ত দিয়ে বলা হয়: lest at any time they should be converted, and their sins should be forgiven them)" (মার্ক ৪/১১-১২, মো.-১৩)। মো.-০৬: "আল্লাহর রাজ্যের গোপন সত্য তোমাদেরই জানতে দেওয়া হয়েছে, কিন্তু অন্যদের কাছে গল্পের মধ্য দিয়ে সব কথা বলা হয়…."

এখানে খুবই সুস্পষ্টভাবে যীশু বললেন যে, তাঁর নির্বাচিত শিষ্যরা ছাড়া কেউ যেন তাঁর কথা না বুঝে এবং মন ফেরানোর ও ক্ষমালাভের সুযোগ না পায় তা নিশ্চিত করতে তিনি সচেষ্ট ছিলেন। গ্যারি ডেভানি লেখেছেন:

"Jesus wants outside people to not understand, not be converted, and not to be forgiven? Jesus Christ wants outside people not to be saved. Could anyone you know consider that to be a sin?"

"যীশু চাচ্ছেন, বাইরের লোকেরা যেন না বুঝে, পরিবর্তিত না হয় এবং ক্ষমাপ্রাপ্ত না হয়? যীশু চাচ্ছেন, বাইরের মানুষেরা যেন মুক্তি না পায়। আপনার জানা মতে এমন কেউ কি আছেন যিনি এরূপ কর্মকে পাপ বলে গণ্য করতে পারেন?"[1]

## ফুটনোট

[1] Gary DeVaney: Jesus' Sins; http://www.thegodmurders.com/id90.html

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14365

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন